2 JAN 2017
১৫ ২

দৈনিক
জনকণ্ঠ

# শিশুর বক্তব্যে হতবাক সবাই..!

**নিজস্ব সংবাদদাতা, বাউফল, ১ জানুয়ারি ॥** নতুন বছরের প্রথম দিন সকাল ১০টায় শুরু হয়েছে বই উৎসব। স্থানীয় পাবলিক মাঠ দর্শক সারি কানায় কানায় পরিপূর্ণ। তখন মঞ্চে উপবিষ্ট চীফ হুইপসহ কয়েকজন রাজনীতিবিদ, সরকারী কর্মকর্তা ও জ্ঞানীগুণী ব্যক্তি। শুরু হয়েছে বক্তব্যের পালা। কয়েকজন বক্তব্যও দিলেন। এর মধ্যে হঠাৎ মঞ্চে গিয়ে হাজির হলেন ৭-৮ বছরের এক শিশু। তিনি অনুষ্ঠানের সঞ্চালককে গিয়ে বললেন আমি বক্তব্য দেব। শিশুটির কথা শুনে অনুষ্ঠানের সঞ্চালকসহ মঞ্চে উপবিষ্ট সকলে হতবাক হয়ে গেলেন। চীফ হুইপ আসম ফিরোজ ওই শিশুটিকে বক্তব্য দিতে সঞ্চালককে নির্দেশ দিলেন। শিশুটি মাইক্রোফোন হাতে নিয়ে দিপ্ত কণ্ঠে বক্তব্য দেয়া শুরু করলেন, আমি রিফাহ তাসফিয়া, কালিশুরী সরকারী প্রাথমিক বিদ্যালয়ের তৃতীয় শ্রেণীর ছাত্রী। বঙ্গবন্ধু কন্যা ও প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে ধন্যবাদ, তিনি এ নতুন বছরের প্রথম দিন আমারমত শিশু শিক্ষার্থীদের হাতে নতুন বই তুলে দিয়েছেন। ধন্যবাদ শিক্ষামন্ত্রী নাহিদ স্যারকে। ধন্যবাদ জাতীয় সংসদের চীফ হুইফ আসম ফিরোজ স্যারকে, তিনি একজন ব্যস্ত মানুষ হয়েও এ দিন আমাদের মাঝে উপস্থিত হয়ে বই বিতরণ করেছেন। জয় বাংলা জয় বঙ্গবন্ধু। বাংলাদেশ দীর্ঘজীবি হোক। তার এ বক্তব্যে হতবাক হয়ে গেলেন সবাই।